দৈনিক বাংলা 24

তারিখ 03 JAN 1996
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ১ ...

# ইসলামী ভার্সিটি ভিসি অফিস ঘেরাও

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদদাতা : ২ জানুয়ারী।– ইসলামী বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত কয়েকশ' মাদ্রাসা ছাত্র (মঙ্গলবার) বেলা ১০টা থেকে ১টা পর্যন্ত ভিসি অফিস ঘেরাও করে রাখে। বিশ্ববিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে মাদ্রাসা কোটা পুনর্বহাল, চ্যান্সেলর অনুমোদিত তুলনামূলক ধর্মতত্ত্ব অনুষদ চালু এবং মুক্তিযুদ্ধ স্মারক ভাস্কর্য নির্মাণের সিদ্ধান্ত বাতিলের দাবীতে তারা ভিসি অফিস ঘেরাও করে বলে জানা গেছে। এই সময় তারা ভিসির নিকট একটি স্মারকলিপি প্রদান করে। উল্লেখ্য, প্রগতিশীল ছাত্র সংগঠনের দাবীর প্রেক্ষিতে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দেয়া প্রতিশ্রুতি অনুযায়ী গত ১৬ ডিসেম্বরের মধ্যে মুক্তিযুদ্ধের স্মারক ভাস্কর্যের ভিত্তিপ্রস্তর স্থাপনের কথা থাকলেও তা বাস্তবায়িত হয়নি।